**ভবিষ্যৎ পরিকল্পনা :**

- বাড়ী বাড়ী পরিদর্শনের মাধ্যমে পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য সেবা জনগণের দোরগোড়ায় পৌছে দেয়া অব্যাহত রাখা ও জোরদারকরণ ;
- মা ও শিশু স্বাস্থ্যের উন্নয়নে সোনাতলা উপজেলায় প্রতিমাসে ৪০ (চল্লিশ) টি স্যাটেলাইট ক্লিনিক আয়োজন করা হচ্ছে, এ সংখ্যা আরও বৃদ্ধি করা। ৫টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র তন্মধ্যে ৪টি ২৪/৭ ঘন্টা ডেলিভারীসহ পরিবার পরিকল্পনা, মা ও শিশু এবং প্রজনন স্বাস্থ্য সেবার মান উন্নয়ন ও সেবা প্রাপ্তি নিশ্চিত করা ;
- সোনাতলা উপজেলার পরিবার পরিকল্পনা সেবাদানকারীদের পাশাপাশি চরাঞ্চলে অসরকারী প্রতিষ্ঠান তাদের নিজস্ব জনবল ও যানবাহনের সাহায্যে পরিবার পরিকল্পনা সেবা প্রদান নিশ্চিত করা ;
- কিশোর কিশোরীদের প্রজনন স্বাস্থ্যসেবা প্রদানের লক্ষ্যে সকল সেবা কেন্দ্রকে পর্যায়ক্রমে কিশোর কিশোরী বান্ধব করা এবং বাল্য বিবাহ হ্রাসে কাউন্সেলিং কার্যক্রম জোরদার করা ;
- নববিবাহিত ও এক সন্তানের দম্পতিদের জন্য পরিবার পরিকল্পনা, মা-শিশু স্বাস্থ্য, নিরাপদ মাতৃত্ব, পুষ্টি, প্রজনন স্বাস্থ্য ও জন্ম বিরতিকরণ বিষয়ে উপজেলা পর্যায়ে উদ্বুদ্ধকরণ সভা আয়োজন করা ;
- ভ্রাম্যমান চলচ্চিত্র প্রদর্শনীর মাধ্যমে পরিবার পরিকল্পনা, মা-শিশু স্বাস্থ্য বিষয়ে স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র, প্রামাণ্য চিত্র ইত্যাদি প্রচার ও প্রদর্শন করা;
- পরিবার পরিকল্পনা কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য মাঠ পর্যায়ে একটি কার্যকরী মনিটরিং ও সুপারভিশন ব্যবস্থা গড়ে তোলা।

**সোনাতলা উপজেলার*২০২২-২৩ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ :**

- জাতীয় পর্যায়ে টিএফআর ২.৩ হলেও সোনাতলায় টি এফ ২.০ ধরে রাখা
- পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণকারীর হার ৮২.৪৫% থেকে বৃদ্ধি করে ৮২.৫০% বৃদ্ধি করা
- জাতীয় পর্যায়ে অপূর্ণ চাহিদার হার ১২%, ১০% এ কমিয়ে আনা।
- ড্রপ আউট রেট ৩০% হতে ২২% এ কমে কমিয়ে আনা।
- দীর্ঘমেয়াদী ও স্থায়ী পদ্ধতি গ্রহীতার হার ১৭.২৮% থেকে ২০% উন্নীত করা ।